



গাজায় ইসরায়েলের হামলা যুদ্ধবিরতি পুরোপুরি লঙ্ঘন: এরদোয়ান



সংগৃহীত ছবি

ইসরায়েলের যুদ্ধবিরতি পালনের ইতিহাস অত্যন্ত দুর্বল ও অবিশ্বাসযোগ্য বলে মন্তব্য করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। তিনি বলেন, গাজায় যুদ্ধবিরতির মধ্যেই ইসরায়েলি বাহিনীর হামলায় অন্তত দুই শতাধিক ফিলিস্তিনি প্রাণ হারিয়েছেন, যা প্রমাণ করে তারা শান্তি রক্ষায় আন্তরিক নয়। আনাদোলু এজেন্সিকে দেওয়া এক সাক্ষাৎকারে এরদোয়ান বলেন, “যুদ্ধবিরতি মানার ক্ষেত্রে হামাস ইসরায়েলের তুলনায় বেশি দায়িত্বশীল আচরণ করছে। ইসরায়েলের এই বিষয়ে রেকর্ড অত্যন্ত হতাশাজনক।”

তিনি আরও বলেন, “আমরা এমন এক প্রশাসনের মুখোমুখি, যারা যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরের পরও ২০০-র বেশি নিরপরাধ মানুষ হত্যা করেছে এবং পশ্চিম তীরে দখল ও আগ্রাসন অব্যাহত রেখেছে।”

এরদোয়ান স্পষ্টভাবে সতর্ক করে বলেন, “পশ্চিম তীর দখল, জেরুজালেমের অবস্থান পরিবর্তন বা আল-আকসা মসজিদের পবিত্রতা নষ্টের যে কোনো প্রচেষ্টা তুরস্ক কখনও মেনে নেবে না।”